



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০২

২৪ পৌষ, ১৪৩০

তারিখ : -----

০৮ জানুয়ারী, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক / প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**আমদানি পরবর্তী অর্থায়ন (Post Import Financing-PIF) সংক্রান্ত তথ্য সম্বলিত বিবরণী প্রসঙ্গে।**

শ্রীমতি মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ১৮ আগস্ট, ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-৩৪ এবং জুন ১৩, ২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারে দুইটি খাতের (ভোগ্যপণ্য ও শিল্পের কাঁচামাল) উল্লেখ ছিল। পরবর্তীতে ২৬ এপ্রিল ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে আমদানি পরবর্তী অর্থায়ন (Post Import Financing-PIF) সুবিধায় নতুন দুটি খাত (ট্রেডিং পণ্য ও কৃষিজাত পণ্য) অন্তর্ভুক্ত করা হয়। এ প্রেক্ষিতে ১৮ আগস্ট ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং- ৩৪ এর মাধ্যমে প্রদত্ত ছক পরিবর্তন ও পরিবর্ধন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। এক্ষণে, আমদানি পরবর্তী অর্থায়ন (Post Import Financing-PIF) সংক্রান্ত তথ্যাদি সংশোধিত ছক মোতাবেক (Annexure-01, Annexure-02 ও Annexure-03) প্রতি ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের শেষ তারিখের মধ্যে হার্ড ও সফ্ট কপি ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এ দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলো। একই সাথে বিবরণীর একটি অনুলিপি ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের টাঙ্কফোর্স এ প্রেরণ করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

৩। এ নির্দেশনা মার্চ ২০২৪ ত্রৈমাসিক হতে কার্যকর হবে। বিআরপিডি সার্কুলার নং-১২/২০২১ এর অন্যান্য শর্ত ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(আরিফ হোসেন খান)

পরিচালক (ডিওএস)

ফোন : ৯৫৩০০৯৩